

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## বিজ্ঞপ্তি

### স্টুডেন্টস ওয়েলফেয়ার সেন্টার এর শুভ উদ্বোধন

ও

### ঝতুরাজ 'বসন্ত' বরণ

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার অনুমোদিত "Development of Infrastructural Facilities of Khulna University of Engineering & Technology" শীর্ষক প্রকল্পের আওতায় "Students Welfare Center (SWC)" ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত "Students Welfare Center (SWC)" এর শুভ উদ্বোধন আগামী ১৩/০২/২০১৮ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত SWC এর শুভ উদ্বোধন করবেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। শুভ উদ্বোধনের পরপরই একই দিন বাংলা ১৪২৪ সনের ১লা ফাল্গুন অর্থাৎ ঝতুরাজ বসন্তকে বরণ করার জন্য প্রথমবারের মতো এ বিশ্ববিদ্যালয়ের নব নির্মিত মুক্তমঞ্চে বসন্ত বরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উক্ত উদ্বোধন ও বসন্ত বরণ অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের আগ্রহী সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের যোগদানের জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

৩১  
০২/০২/২০১৮  
(জি.এম. শহিদুল আলম)  
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্নারক নং-খপবি/২০১৭/৪৫

তারিখ : ০৬/০২/২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (পঃ ও উঃ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয় (বসন্ত বরণ অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
- ৬। সকল হল প্রভোষ্ঠ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয় (SWC এর উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।
- ৯। সকল দণ্ডর / শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। অফিস কপি।

০২/০২/২০১৮  
(মোঃ আব্দুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার